

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৩.০১১.০০.০০.০০৩.২০১৫- ৫৬

তারিখ : ২০/৪/২০১৬ খ্রিঃ।

বিষয় : মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরধীন বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের “ডিজাইন সুপারভাইজার” পদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ ও সাক্ষাৎকার গ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরধীন বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের “ডিজাইন সুপারভাইজার” পদে গত ১৩/১২/২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় রেজিস্ট্রেশন নম্বর ০০০০০৮ ও ০০০০১২ প্রার্থী উত্তীর্ণ হয়েছেন। উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার আগামী ৪/৫/২০১৬ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে।

২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নামে ডাকযোগে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হয়েছে। কোনো প্রার্থী যথাসময়ে সাক্ষাৎকারপত্র না পেলে আগামী ২/৫/২০১৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ১ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ কমিশন সচিবালয়ের পরিচালক, ইউনিট-৩ (কক্ষ নং- ৪১৩) হতে বিকল্প সাক্ষাৎকারপত্র সংগ্রহ করতে পারবেন। প্রার্থীদেরকে সাক্ষাৎকারের সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ, আবেদনপত্র ক্রয়ের মূল রশিদ এবং সাক্ষাৎকারপত্র সাথে আনতে হবে। এছাড়া চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্র দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না। উল্লেখ্য, প্রার্থীকে মূল আবেদনপত্র (Bpsc ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ ১ সেট কাগজপত্র সংশ্লিষ্ট সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে।

৩। উল্লেখ্য যে, প্রকাশিত ফলাফলে যুক্তিসঙ্গত কোনো কারণে কোনো ধরণের সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে। পরবর্তীতে কোনো প্রার্থীর নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত গুরুতর Substantive কোনো শর্তের ঘাটতি দেখা গেলে সাক্ষাৎকারের পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

২০/৪/২০১৬
(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)।
(যুগ্ম-সচিব)

- * পড়াশুনা এবং জ্ঞান অর্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- * চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।